

বাংলাদেশ শিক্ষক-কর্মচারী এক্যপরিষদ ১০% বেতন বৃদ্ধিকে স্বাগত জানিয়েছে

স্টাফ রিপোর্টার

২০০৭-০৮ সালের প্রস্তাবিত বাজেটে
বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ১০%
বেতনবৃদ্ধি প্রদানের সিদ্ধান্তকে বাংলাদেশ
শিক্ষক-কর্মচারী এক্য পরিষদ স্বাগত
জানিয়েছে। বিগত সরকার বেসরকারী
শিক্ষক-কর্মচারীদের তীব্র আন্দোলনের মুখে
১০% বেতনবৃদ্ধি দিতে রাজী হলেও কমতা
ছাড়ার প্রাক্কালে এর বদলে শিক্ষা প্রতিষ্ঠানের
আয় সরকারকে দিয়ে দেবার ৭১৮-ক/০৫

বাংলাদেশ শিক্ষক-কর্মচারী

১২-এম পৃষ্ঠার পর

পত্নী আরোপ করেছিল। পরিষদ এর বিরুদ্ধে
প্রতিবাদ জানায় এবং বর্তমান তত্ত্বাবধায়ক
সরকারের নিকট অতীতের ন্যায় এই বেতন-
বৃদ্ধিকেও নিশ্চিত করার অনুরোধ জানায়। এবারের
বাজেটে এ দাবীর প্রতি তত্ত্বাবধায়ক সরকারের
সুবিবেচনার প্রতিফলন দেখতে পেয়ে বেসরকারী
শিক্ষক ও কর্মচারী সমাজের পক্ষ থেকে সরকারকে
আন্তরিক ধন্যবাদ জানায়। এ প্রসঙ্গে একটি অল্পসী
বিষয়ের প্রতি সরকারের সদয় দৃষ্টি আকর্ষণ করে
পরিষদ বলে, সরকার ও আন্দোলনকারী শিক্ষক-
কর্মচারীদের মধ্যে সম্পাদিত চুক্তি ও সরকারী
প্রস্তাবনা যেতাবেক এ ব্যবস্থা প্রতিষ্ঠানের সশ্রমকৃত
অর্থ ব্যয়ে শিক্ষক-কর্মচারীদের কল্যাণে ব্যয় করা
হয় তা নিশ্চিত করতে হবে। কারণ, দেখা গেছে
কোন কোন প্রতিষ্ঠান তা করতে চায় না।